

খাদ্য শস্য

বিশ্বে চাল উৎপাদনে বাংলাদেশ তৃতীয়, শীর্ষে চীন ও ভারত


প্র বাণিজ্য প্রতিবেদক

খাদ্য মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসার আগেই আবার বিশ্ববাজারে অস্থিরতা শুরু হয়েছে। ইউক্রেনের বন্দরগুলো থেকে নিরাপদে শস্য রপ্তানির চুক্তি থেকে রাশিয়া বেরিয়ে যাওয়ার পর বিশ্ববাজারে গমের দাম নিয়ে অস্থিরতা শুরু হয়েছে। এর মধ্যে ভারত চাল রপ্তানির ওপর নিষেধাজ্ঞা দেওয়ায় বিশ্বে ৩০০ কোটির বেশি মানুষের প্রধান এই খাবারের মূল্যবৃদ্ধির আশঙ্কা দেখা দিয়েছে।

আসুন দেখে নেওয়া যাক, বিশ্বের শীর্ষ চাল উৎপাদক ও রপ্তানিকারক দেশ কারা। স্ট্যাটিস্টার তথ্যানুযায়ী, ২০২১-২২ অর্থবছরে চীনে সবচেয়ে বেশি ১৪ কোটি ৮৯ লাখ টন চাল উৎপাদিত হয়। দ্বিতীয় শীর্ষ চাল উৎপাদনকারী দেশ ভারত। ওই বছর দেশটিতে ১২ কোটি ৯৪ লাখ টন চাল উৎপাদিত হয়েছে। তৃতীয় সর্বোচ্চ ৩ কোটি ৫৮ লাখ টন চাল উৎপাদিত হয়েছে বাংলাদেশে।

অন্যদিকে চাল রপ্তানিতে ভারত শীর্ষস্থানে রয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ভারত ২ কোটি ১৫ লাখ টন চাল রপ্তানি করেছে। চাল রপ্তানিতে পরের দুই দেশ থাইল্যান্ড ও ভিয়েতনাম রপ্তানি করেছে যথাক্রমে ৮২ লাখ ও ৬৮ লাখ টন।

বিশ্বে চাল উৎপাদনে শীর্ষ ১০ দেশ (২০২১-২২ অর্থবছর)



বিশ্বে চাল রপ্তানিতে শীর্ষ ১০ দেশ (২০২২-২৩ অর্থবছর)



সূত্র : স্ট্যাটিস্টা